



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়

সেক্রেটারীজ ডিভিশন

৮, রাজউক এভিনিউ, ঢাকা- ১০০০।

বিজ্ঞপ্তি

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পরিচালনা বোর্ডের ২৩.১০.২০১৮ তারিখে অনুষ্ঠিত ৫৪৭তম সভায় আইসিবির শেয়ারের উপর ২০১৭-২০১৮ অর্থবছরের জন্য ৩০% নগদ এবং ৫% স্টক ডিভিডেন্ড প্রদানের সুপারিশ করা হয়েছে। ০৮.১২.২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য ৪২তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারমালিকগণ কর্তৃক বোর্ডের উক্ত সুপারিশকৃত লভ্যাংশ অনুমোদিত হবে। ১৪.১১.২০১৮ তারিখের রেকর্ড ডেটে যে সকল শেয়ারমালিক আইসিবির শেয়ার ধারণ করবেন তাঁরা উক্ত লভ্যাংশ প্রাপ্য হবেন। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) ১৪.০৫.২০১৫ তারিখের এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৬৯ নং নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট ব্রোকারেজ হাউজের মাধ্যমে যে সকল শেয়ারমালিকগণ মার্জিন ঋণ গ্রহণ করে আইসিবির শেয়ার ক্রয় করেছেন, সে সকল শেয়ারমালিকগণের বিও হিসাবের তালিকাসহ একটি চেক বা ডিভিডেন্ড ওয়ারেন্টের মাধ্যমে তাঁদের সংশ্লিষ্ট ডিপিতে লভ্যাংশ প্রেরণ করা হবে। এছাড়া, যে সকল শেয়ারমালিক আইসিবি শেয়ার ক্রয়ের ক্ষেত্রে মার্জিন ঋণ গ্রহণ করেন নি, সে সকল শেয়ারমালিকগণকে তাঁদের স্ব-স্ব ব্যাংক একাউন্ট/ঠিকানায় লভ্যাংশ প্রেরণ করা হবে। এ লক্ষ্যে ১৪.১১.২০১৮ তারিখ রেকর্ড ডেট অনুযায়ী মার্জিন ঋণ গ্রহণকৃত শেয়ারমালিকগণের তালিকা আগামী ২৯.১১.২০১৮ তারিখের মধ্যে আইসিবির সেক্রেটারীজ ডিপার্টেমেণ্টে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল ব্রোকারেজ হাউজগুলোকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।



(মোঃ রফিক উল্যা)

সচিব

ফোন নং- ৯৫৭৩৩১৯

ই-মেইলঃ dgm_secretary@icb.gov.bd

তারিখ: ১৪ নভেম্বর ২০১৮